গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জেলা মানবিক সহায়তা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৫/০১/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল-১০.৪৫ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ''ক'')**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। জেলাটি উত্তরবঙ্গের একটি দরিদ্রপীড়িত ও ১৬টি নদী ও চর বেষ্ঠিত একটি জেলা। এছাড়া কুড়িগ্রাম জেলা একটি শীতপ্রবন এলাকা। ইতোমধ্যে এ জেলায় শীত অনুভূত হচ্ছে। প্রতিবছরের ন্যায় এবারও শীতের তীব্রতা বেশি হওয়ার আশংকা রয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার হতে ৩৮,০০০ পিস কম্বল বরাদ্দ পাওয়া গিয়েছে। যা ০৯টি উপজেলায় নিম্নরূপভাবে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

| ক্রঃ নং | উপজেলা/পৌরসভার নাম | ইউনিয়ন/ পৌরসভার সংখ্যা | কম্বল উপ-বরাদ্দের পরিমাণ (পিস) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভূরুঙ্গামারী | ১০ | ৫০০০ | |
| ২ | নাগেশ্বরী | ১৫ | ৭৫০০ | পৌরসভাসহ |
| ৩ | ফুলবাড়ী | ০৬ | ৩০০০ | |
| ৪ | কুড়িগ্রাম সদর | ০৯ | ৪৫০০ | পৌরসভাসহ |
| ৫ | রাজারহাট | ০৭ | ৩৫০০ | |
| ৬ | উলিপুর | ১৪ | ৭০০০ | পৌরসভাসহ |
| ৭ | চিলমারী | ০৬ | ৩০০০ | |
| ৮ | রৌমারী | ০৬ | ৩০০০ | |
| ৯ | রাজিবপুর | ০৩ | ১৫০০ | |
| | মোট= | ৭৬ | ৩৮০০০ | |

২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০১০১.২২-২৯ তারিখ: ১০/০১/২০২৩ খ্রি. মোতাবেক জেলার প্রত্যেক উপজেলায় ২ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া গিয়েছে, যা উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নিম্নরূপভাবে উপবরাদ্দ প্রদান করা হয়েছে। কম্বল/শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণ প্রক্রিয়াধীন।

| ক্রঃ নং | উপজেলার নাম | মোট অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ভূরুঙ্গামারী | ২,০০,০০০/- | |
| ২ | নাগেশ্বরী | ২,০০,০০০/- | |
| ৩ | ফুলবাড়ী | ২,০০,০০০/- | |
| ৪ | কুড়িগ্রাম সদর | ২,০০,০০০/- | |
| ৫ | রাজারহাট | ২,০০,০০০/- | |
| ৬ | উলিপুর | ২,০০,০০০/- | |
| ৭ | চিলমারী | ২,০০,০০০/- | |
| ৮ | রৌমারী | ২,০০,০০০/- | |
| ৯ | চর রাজিবপুর | ২,০০,০০০/- | |
| | মোট= | ১৮,০০,০০০/- | |

৩। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার ২৭/১২/২০২২ খ্রি. তারিখের-৫১.০১.০০০০.০১৬.০৭.০৯৭.২২-৮৪১ নং স্মারকে প্রদত্ত কার্যাদেশে বর্ণিত ২০২২-২০২৩ অর্থবছরে Tender package No.DDM/Blanket/Khulna/2022-2023/03 (Tender Id: 746005) এর বিপরীতে সরবরাহকারী প্রতিষ্ঠান এশিয়ান টেক্সটাইলস মিলস লিঃ, দিলকুশা সেন্টার, ২৮ দিলকুশা বা/এ, ৫ম তলা, রুম নং-৪০৪, ঢাকা-১০০০ এর নিকট হতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মজুদ হিসেবে কুড়িগ্রাম জেলা ত্রাণ গুদামে সংরক্ষণের জন্য ১৫,০০০ (পনের হাজার) পিস কম্বল গ্রহণ করা হয়।

চলমান/০২

৪। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৬.২০.১০১.২২-৩১ তারিখঃ ১০/০১/২০২৩ খ্রি. মাধ্যমে কুড়িগ্রাম জেলার অনুকূলে ১০,০০০ (দশ হাজার) পিস কম্বল বরাদ্দ প্রদান করা হয় এবং অবশিষ্ট ৫,০০০ পিস (পাঁচ হাজার) পিস কম্বল ঠাকুরগাঁও জেলায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের পরামর্শক্রমে ০২টি কাভার্ড ভ্যানে মোট=৫,০০০ (পাঁচ হাজার) পিস কম্বল ঠাকুরগাঁও জেলায় প্রেরণ করা হয়। অবশিষ্ট ১০০০০ পিস কম্বলের মধ্য হতে উপজেলায় নিম্নরূপভাবে উপবরাদ্দ প্রদান করা হয়েছে।

| ক্রঃ নং | উপজেলা/পৌরসভার নাম | কম্বল উপ-বরাদ্দের পরিমাণ (পিস) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ভূরুঙ্গামারী | ৭৫০ | |
| ২ | নাগেশ্বরী | ১০০০ | |
| ৩ | ফুলবাড়ী | ৪৫০ | |
| ৪ | কুড়িগ্রাম সদর | ৪০০ | |
| ৫ | রাজারহাট | ৫০০ | |
| ৬ | উলিপুর | ১০০০ | |
| ৭ | চিলমারী | ৪০০ | |
| ৮ | নাগেশ্বরী পৌরসভা | ২০০ | |
| ৯ | কুড়িগ্রাম পৌরসভা | ২০০ | |
| ১০ | উলিপুর পৌরসভা | ৩০০ | |
| | মোট= | ৫২০০ | |

৫। এছাড়া জেলা প্রশাসক মহোদয় কর্তৃক বিভিন্ন দুস্থ, অসহায় ব্যক্তির মাঝে এ পর্যন্ত ২১০০ পিস কম্বল বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ২৭০০ পিস কম্বল বিতরণ চলমান।

৬। ২০২২ ২০২৩ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রাপ্ত বিভিন্ন মানবিক সহায়তার বিতরণ ও মজুদ বিবরণঃ-

**(ক) ত্রাণ কার্য (চাল):-**

| ক্রমিক নং | প্রাপ্ত বরাদ্দ (মেঃটন) | এ পর্যন্ত বিতরণ (মেঃ টন) (১৫-০১-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (মেঃ টন) | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৩০০.০০০ | ৭.০০০ | ২৯৩.০০০ | ৭০০ পরিবার | বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে বিতরণ |

**(খ) বিভিন্ন প্রতিষ্ঠান/অনুষ্ঠানের জন্য ত্রাণ কার্য (চাল):-**

| ক্রমিক নং | প্রাপ্ত বরাদ্দ (মেঃটন) | এ পর্যন্ত বিতরণ (মেঃ টন) (১৫-০১-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (মেঃ টন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ১০০.০০০ | ১৩.০০০ | ৮৭.০০০ | বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান/প্রতিষ্ঠানে বিতরণ |

**(গ) ত্রাণ কার্য (নগদ):-**

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (টাকা) | এ পর্যন্ত বিতরণ (টাকা) (১৫-০১-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (টাকা) | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৫ লক্ষ | ১ লক্ষ ৫৭ হাজার | - | ৩০টি পরিবার | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ৩০টি পরিবার |
| ২ | | ৪৫ হাজার | - | ০৩টি পরিবার | বজ্রপাতে নিহত ০৩ জন ব্যক্তির পরিবার |
| ৩ | | ৫ হাজার | - | ০১টি পরিবার | বজ্রপাতে আহত ০১ জন ব্যক্তির মাঝে |
| মোট= | ৫ লক্ষ | ২ লক্ষ ০৭ হাজার | ২,৯৩,০০০/- | ৩৪টি পরিবার | |

**(ঘ) শুকনা ও অন্যান্য খাবার (প্যাকেট):-**

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (প্যাকেট) | এ পর্যন্ত বিতরণ (টাকা) (১৫-০১-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (টাকা) | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২৯৪০টি | ২৯৪০টি | - | ২৯৪০টি পরিবার | বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে বিতরণ |

চলমান/০৩

(ঙ) ঢেউটিন (বান্ডিল):-

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (বান্ডিল ও টাকা) | এ পর্যন্ত বিতরণ (টাকা) (১৫-০১-২০২৩ খ্রি. পর্যন্ত) | মজুদ (টাকা) | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ৪০০ বান্ডিল ও ১২,০০,০০০/- | ৮২ বান্ডিল ও ২,৪৬,০০০/- | ৩১৮ বান্ডিল ও ৯,৫৪,০০০/- | ৫৪টি পরিবার | নদীভাঙ্গন, অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তসহ দুঃস্থ, অসহায় ও প্রতিবন্ধি পরিবারের মাঝে বিতরণ |

৭। এছাড়া বিভিন্ন দাতব্য ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত অনুদান (টাকা) হতে ক্রয়কৃত ৮৫ বান্ডিল ঢেউটিনের মধ্য হতে এ পর্যন্ত ৩৩ বান্ডিল ঢেউটিন বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ৫২ বান্ডিল ঢেউটিন জেলা ত্রাণ গুদামে মজুদ রয়েছে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হলোঃ

১। বরাদ্দকৃত কম্বল প্রকৃত গরীব ও দুঃস্থ মানুষের মাঝে "মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩" অনুসরণপূর্বক বিতরণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২। কম্বল/শীতবস্ত্র ক্রয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করে সংশ্লিষ্ট সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৩। বরাদ্দকৃত অর্থ কম্বল/শীতবস্ত্র ক্রয় ব্যতিত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।

৪। **কম্বল বিতরণের ক্ষেত্রে ষাটোর্ধ ব্যক্তি ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে।**

পরিশেষে সভাপতি আসন্ন শীত মৌসুমে শীতার্ত মানুষের পাশে দাঁড়াবার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০১/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা মানবিক সহায়তা কমিটি, কুড়িগ্রাম।
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১২.২৩-৫৫ তারিখঃ- ১৮/০১/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।

৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।

৯। ..........................................................................................কুড়িগ্রাম।

১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),................................... কুড়িগ্রাম।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....................................... কুড়িগ্রাম।

১২। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৩। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।

১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)............................কুড়িগ্রাম।

১৫। ................................................কুড়িগ্রাম।

১৬। অফিস নথি।

১৮.০১.২০২৩

(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা মানবিক সহায়তা কমিটি কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drro.kurigram@gmail.com